ভোরের কাগজ

তারিখ DEC 10 1999
পৃষ্ঠা ১২ কলাম ৩

খাদ্য নিরাপত্তা বৃদ্ধি ও ক্ষুধা নির্মূলের স্বীকৃতি স্বরূপ ফাও-এর পদক

# প্রধানমন্ত্রী সেরেস পুরস্কার উৎসর্গ করলেন দেশের কৃষকদের উদ্দেশে

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতিসংঘের সম্মানজনক 'সেরেস' পদকে ভূষিত হয়েছেন। জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (ফাও) মহাপরিচালক ড. জ্যাক দিউফ গতকাল শুক্রবার আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে আনুষ্ঠানিকভাবে প্রধানমন্ত্রীকে এ পদকে ভূষিত করেন। খাদ্য নিরাপত্তা বৃদ্ধিতে' অসামান্য অবদান এবং ক্ষুধা ও অপুষ্টি নির্মূলের সংগ্রামের স্বীকৃতিস্বরূপ ফাও শেখ হাসিনাকে এ পুরস্কার দেয়। ইউএনবি, বাসস।

এ উপলক্ষে আয়োজিত এক বর্ণাঢ্য অনুষ্ঠানে ফাও মহাপরিচালক দারিদ্র্য ও ক্ষুধার বিরুদ্ধে লড়াই এবং গ্রামীণ জনগোষ্ঠীর জীবনমানের উন্নয়নে শেখ হাসিনার দীর্ঘদিনের সংগ্রামের ভূয়সী প্রশংসা করেন।

জ্যাক দিউফ ভারতের সঙ্গে পানি বণ্টন চুক্তি এবং পার্বত্য শান্তিচুক্তির জন্যও প্রধানমন্ত্রীর প্রশংসা করেন। তিনি প্রধানমন্ত্রীকে উদ্দেশ্য করে বলেন, শান্তির প্রতি অঙ্গীকারের স্বীকৃতি হিসেবেই তাকে ইউনেস্কো শান্তি পুরস্কার প্রদান করা হয়। দিউফ নারী অধিকার রক্ষায় প্রধানমন্ত্রীর ভূমিকার প্রশংসা করেন এবং এ ক্ষেত্রে তাকে একজন 'অনুকরণীয় নেতা' হিসেবে অভিহিত করেন।

পদক গ্রহণ করে প্রধানমন্ত্রী তাঁর বক্তৃতায় বলেন, 'এ পুরস্কার আমার জন্য, আমার জনগণ এবং দেশের জন্য এক বিরাট সম্মান'। প্রধানমন্ত্রী তাঁর পুরস্কার দেশের কৃষক ও জনগণের প্রতি উৎসর্গ করেন।

প্রধানমন্ত্রী একবিংশ শতাব্দীতে ক্ষুধা, দারিদ্র্য এবং নিরক্ষরতামুক্ত বাংলাদেশ গড়ে তোলার অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন। বাংলাদেশের জাতীয় কৃষি নীতির কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এর প্রাথমিক লক্ষ্য হচ্ছে বিদ্যমান উৎপাদন ব্যবস্থার আধুনিকীকরণ এবং বহুমুখীকরণ। তিনি বলেন, কৃষিজীবী সম্প্রদায়ের উন্নয়নের জন্য সরকার মহিলা কৃষকদের ব্যাপকহারে মাঠে প্রত্যক্ষ কৃষিকাজে অংশগ্রহণের ব্যাপারে উৎসাহিত করছে।

প্রধানমন্ত্রী বিশ্বের বিশেষ করে উন্নয়নশীল দেশগুলোর কৃষি উন্নয়নে ফাও-এর ভূমিকার প্রশংসা করেন। তিনি বাংলাদেশসহ অন্যান্য উন্নয়নশীল দেশের কৃষির আধুনিকায়ণে ফাও-এর ভূমিকা আরো জোরদার করার আহ্বান জানান।

পররাষ্ট্রমন্ত্রী আবদুস সামাদ আজাদ খাদ্য ও কৃষিমন্ত্রী মতিয়া চৌধুরী এবং কৃষি সচিব ড. এম শওকত আলীও অনুষ্ঠানে বক্তব্য রাখেন।

প্রধানমন্ত্রীকে পদক হস্তান্তর উপলক্ষে গতকাল সকালে জ্যাক দিউফ দুদিনের সফরে ঢাকা পৌঁছান।

সফররত ফাও মহাপরিচালক ড. জ্যাক দিউফ গতকাল বিকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর কার্যালয়ে সৌজন্য সাক্ষাৎ করেন।